



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd



প্রেস রিলিজ

তারিখঃ ০৩/০২/২০২০ খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে “বঙ্গবন্ধু কাপ ফুটবল টুর্নামেন্ট-২০২০” উদ্বোধন

মুজিব জন্মশতবর্ষ উদযাপন উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ে শুরু হয়েছে “বঙ্গবন্ধু কাপ ফুটবল টুর্নামেন্ট-২০২০”। অদ্য ০৩ ফেব্রুয়ারি ২০২০ তারিখ দুপুর ১:৩০ ঘটিকায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে বেলুন ও ফেট্বন উড়িয়ে টুর্নামেন্টের শুভ উদ্বোধন করেন মাননীয় উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। উদ্বোধন শেষে উপাচার্য মহোদয় প্রতিযোগিতায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ে ইতোমধ্যে বিভিন্ন কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে তারই অংশ বঙ্গবন্ধু কাপ ফুটবল টুর্নামেন্ট। তোমরা প্রতিযোগিতা পারম্পারিক সৌহার্দ্যতা বজায় রেখে খেলাধুলায় অংশগ্রহণ করবে, তোমাদেরকে মনে রাখতে হবে আমাদের জাতির পিতার নামে এ টুর্নামেন্ট। অতএব এর গাভীর্যতা বজায় রাখতে হবে। কেননা আজকে আমরা যে যে অবস্থানে আছি এ সবকিছুই বঙ্গবন্ধুর অবদান। খেলাধুলায় প্রতিযোগিতা থাকবে তবে সে প্রতিযোগিতা হবে সৌহার্দ্যপূর্ণ ও ভ্রাতৃত্বসুলভ। তোমাদের প্রতি আমার আহবান জয় পরাজয় মেনে নিয়ে তোমরা একে অপরের পাশে থাকবে। শারীরিক শিক্ষা দপ্তরের পরিচালক ও ইংরেজী বিভাগের সহকারী অধ্যাপক মো: তারিকুল হক এর পরিচালনায় উদ্বোধনী উনুষ্ঠানে উপস্থিত ছিলেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন, রেজিস্ট্রার, প্রক্টর, প্রভোস্টবন্দ, বিভাগীয় প্রধানগণ, পরিচালকবন্দ, শিক্ষক সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক, শিক্ষকমন্ডলী, শিক্ষার্থীবন্দসহ শারীরিক শিক্ষা দপ্তরের অন্যান্যরা। টুর্নামেন্টে অংশ নেবে ২৩টি বিভাগ। উদ্বোধনী পর্বের খেলা অনুষ্ঠিত হয় পদার্থবিজ্ঞান ও অর্থনীতি বিভাগের মধ্যে। উদ্বোধনী পর্বের খেলায় অর্থনীতি বিভাগ ট্রাইবেকারে ৩-২ ব্যবধানে পদার্থবিজ্ঞানকে হারিয়ে জয়ী হয়। বঙ্গবন্ধু কাপ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা (ছাত্রী ইভেন্ট) ১২/০২/২০২০ তারিখ এবং ১৩/০২/২০২০ তারিখ ছাত্র ইভেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস